

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৮

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ একজন ব্যক্তি আল্লাহকে স্বীকার করার মাধ্যমে তার জান-মাল রক্ষা করতে পারে, যখন সে ব্যক্তি তার সাথে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর রিসালাতের সাক্ষ্য দেয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ إِنَّمَا يَعْصِمُ مَالَهُ وَنَفْسَهُ بِالْإِقْرَارِ لِلَّهِ إِذَا قَرَنَهُ بِالشَّهَادَةِ لِلْمُصنطَفَى بِالرِّسَالَةِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ اللَّهِ بْنِ الْفَضْلِ الْكَلَاعِيُّ بِحِمْصَ حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ حَدَّثَنَا أَبِي حَمْزَةَ عَنِ الزُّهْرِيِّ أَخْبَرَنِي سَعِيدُ بْنُ الْمُسَيِّبِ أَنَّ أَبَا هُرَيْرَةَ أَيْهِ وَسَلَّمَ قَالَ: "أُمِرْتُ أَنْ أُقَاتِلَ النَّاسَ حَتَّى يَقُولُوا لَا أَخْبَرَهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "أُمِرْتُ أَنْ أُقَاتِلَ النَّاسَ حَتَّى يَقُولُوا لَا إِلَهَ إِلَّا اللَّهُ فَقَدْ عَصَمَ مِنِّي نَفْسَهُ وَمَالَهُ إِلَّا بِحَقِّهِ وَحِسَابُهُ عَلَى إِلَهَ إِلَّا اللَّهُ فَقَدْ عَصَمَ مِنِّي نَفْسَهُ وَمَالَهُ إِلَّا بِحَقِّهِ وَحِسَابُهُ عَلَى إِلَهَ إِلَّا اللَّهُ فَقَدْ عَصَمَ مِنِي نَفْسَهُ وَمَالَهُ إِلَّا بِحَقِّهِ وَحِسَابُهُ عَلَى اللَّهِ إِلَّا اللَّهُ فَمَنْ قَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ فَقَدْ عَصَمَ مِنِي نَفْسَهُ وَمَالَهُ إِلَّا بِحَقِّهِ وَحِسَابُهُ عَلَى اللَّهِ إِلَّا اللَّهُ فَمَنْ قَالَ لَا إِلَهَ إِلَا اللَّهُ اللَّهُ يَسْتَكْبِرُونَ } وقالَ: {إِذْ جَعَلَ النَّذِينَ كَفَرُوا فِي قُلُوبِهِمُ الْحَمِيَّةَ حَمِيَّةَ الْجَاهِلِيَّةِ فَأَنْزَلَ اللَّهُ سَكِينَتَهُ عَلَى رَسُولِهِ وَعَلَى الْمُؤْمِنِينَ وَأَلْزَمَهُمْ كَلِمَةَ التَّقُورَى} [القتح: 26] وهِي لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَمُحَمَّدٌ رَسُولُ الله استكبر عنها المشركون يوم الحديبية".

الراوي: أَبو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 218 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২১৮. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: ""আমি আদিষ্ট হয়েছি মানুষের সাথে সংগ্রাম করতে, যতক্ষণ না তারা এই সাক্ষ্য দেয় যে, 'আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই। যে ব্যক্তি বলবে 'আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই' সে ব্যক্তি আমার থেকে তার রক্ত ও সম্পদ নিরাপদ করে নিবে। তবে ইসলামের হক ব্যতীত। আর তার হিসাব আল্লাহর উপর বর্তাবে।"



আল্লাহ তা'আলা স্বীয় কিতাবে আয়াত নাযিল করেছেন অতঃপর একদল লোকের কথা আলোচনা করেছেন যারা অহংকার করেছে। মহান আল্লাহ বলেন: "যখন তাদেরকে বলা হয় 'আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই' তখন তারা ঔদ্ধত্য প্রকাশ করে।" তিনি আরো বলেছেন: "যখন কাফিররা তাদের অন্তরে জাহেলী যুগের গোত্রীয় অহমিকা পোষণ করেছিল, তখন আল্লাহ তাঁর রাসূল ও মু'মিনদের উপর স্বীয় প্রশান্তি নাযিল করেন এবং তাঁদেরকে তাকওয়ার কালেমায় সুদৃঢ় করেন।" (সূরা আল ফাতহ: ২৬)

আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: এখানে তাকওয়ার কালেমা দ্বারা উদ্দেশ্য হলো لَا إِلَهُ إِلَهُ إِلَهُ إِلَهُ اللّهُ প্রকৃত কোন মা'বুদ নেই।) এবং مُحَمَّدُ رَسُولُ الله (মহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর রাসূল)। হুদাইবিয়ার দিন মুশরিকরা এই কালেমা স্বীকার করতে ঔদ্ধত্য প্রকাশ করেছিল।"[1]

ফুটনোট

[1] নাসাঈ: ৬/৭; সুনান আল বাইহাকী: ৯/৪৯; সহীহ মুসলিম: ২১, ৩৩; ইবনু মান্দাহ, আল ঈমান: ২৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২/৪০৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন